ঝিনাইদহে তারেক রহমানের মানবিক সহায়তা প্রদান

ঝিনাইদহের বিভিন্ন গ্রামে বজ্রপাতে নিহত কৃষক পরিবারকে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারপার্সন তারেক রহমানের পক্ষ থেকে মানবিক সহায়তা প্রদান করা হয়েছে।
শনিবার (১০ মে) দুপুরে ঝিনাইদহ সদর উপজেলার উত্তর ভবানীপুর ও একই উপজেলার পশ্চিম বিষয়খালি গ্রামে তারেক রহমানের পক্ষ থেকে এই মানবিক সহায়তা পৌঁছে দেন জাতীয়তাবাদী কৃষকদলের কেন্দ্রীয় সভাপতি কৃষিবিদ হাসান জাকির তুহিন ও সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম বাবুল। এ সময় কেন্দ্রীয় নেতৃবৃন্দ বজ্রপাতে মৃত ওলিয়ার রহমান ও মিরাজুল ইসলামের কবর জিয়ারত করে তাদের রুহের মাগফেরাত কামনা করেন। এ সময় বজ্◌্রপাতে নিহত ওলিয়ার রহমানের স্ত্রী শিরীনা খাতুন ও মিরাজুল ইসলামের স্ত্রী সোহাগী খাতুনের হাতে তারেক রহমানের মানবিক সহায়তা তুলে দেন। সেসময় কৃষক দলের কেন্দ্রীয় নেতা টিএস আইয়ুব, মোমিনুর রহমান, ওসমান আলী বিশ্বাস, শফিকুল ইসলাম শফিক, শামসুর রহমান শামস, আব্দুল্লাহ আল নাইম, কবির হোসেন, সোলায়মান হোসেন, মোল্লা হারুনুর রশিদ, ফারুকুল ইসলাম, ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এমএ মজিদ, মুন্সী কামাল আজাদ পান্নু, আনোয়ারুল ইসলাম বাদশা, আব্দুল মজিদ বিশ্বাস, সাজেদুর রহমান পাপ্পু, আলমগীর হোসেন আলম, মীর ফজলে এলাহী শিমুল, গান্না ইউনিয়নের বিএনপি নেতা ইজ্জত আলী মাস্টার, মহারাজপুর ইউনিয়নের শাহাজান আলী ও আবু সাঈদ প্রমুখ উপস্থিত ছিলেন। পরে ঝিনাইদাস সদর উপজেলার চন্ডিপুর গ্রামে কৃষক সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় কৃষক দলের সভাপতি কৃষিবিদ হাসান জাকির তুহিন। তিনি বলেন, কৃষকদের নিয়ে জননেতা তারেক রহমানের আলাদা ভাবনা রয়েছে। তারেক রহমানের নেতৃত্বে বিএনপি আগামী দিনে ক্ষমতায় গেলে গ্রামের কৃষকদের মুখে যাতে বারো মাস হাসি থাকে তেমন প্রকল্প বাস্তবায়ন করা হবে। তিনি আরো বলেন, বজ্রপাতে নিহত দুইজন কৃষকের মৃত্যুতে হাজারো মাইল দূরে থেকেও জননেতা তারেক রহমান তাদের জন্য ব্যথিত। সেই দৃষ্টিকোণ থেকে তিনি মানবিক সহায়তা হিসেবে দুই কৃষক পরিবারকে সহায়তা প্রদান করেছেন, যা জীবনের তুলনায় খুবই নগণ্য।

জাতীয় মুক্তিযোদ্ধা পরিষদ মেহেরপুর জেলা শাখার দ্বি-বার্ষিক সম্মেলন

মেহেরপুরে জাতীয় মুক্তিযোদ্ধা পরিষদ জেলা শাখার দ্বি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। আজ শনিবার (১০ মে) সকালে জেলা জামায়াত ইসলামীর কার্যালয়ে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

জাতীয় মুক্তিযোদ্ধা পরিষদ মেহেরপুর জেলা শাখার সভাপতি মোহাম্মদ চাঁদ আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জাতীয় মুক্তিযুদ্ধ পরিষদের সভাপতি ইঞ্জিনিয়ার এম. মোসলেম উদ্দিন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জাতীয় মুক্তিযুদ্ধ পরিষদের সেক্রেটারি জেনারেল মোহাম্মদ তাজিরুল ইসলাম জাতীয় মুক্তিযুদ্ধ পরিষদ মেহেরপুর জেলা শাখার প্রধান উপদেষ্টা মাওলানা তাজউদ্দিন খান।

এসময় তিনি বলেন, বৈষম্যহীন বাংলাদেশ এখনও গঠিত হয়নি। আমরা পরবর্তী প্রজন্মের মানুষ হওয়া সত্ত্বেও বারবার শুনতে হচ্ছে আমরা নাকি স্বাধীনতা বিরোধী, রাজাকার! মেহেরপুর জেলায় ৩৭২ জন রাজাকারের তালিকা থাকলেও বাস্তবে মাত্র দুটি পরিবারের কয়েকজন জামায়াতের সঙ্গে যুক্ত ছিলেন। বাকিরা অন্য রাজনৈতিক দল বা মতাদর্শের হলেও আমাদের ওপরই সব দোষ চাপিয়ে দেওয়া হয়েছে।

তিনি আরো বলেন, যাদের বঙ্গবন্ধু শেখ মুজিবুরের আকৃতি ধরে কোটটা বেশি চকচকে ছিল, আর যারা আমাদের বিপক্ষে যত বেশি বলতে পেরেছে, তারা তত বড় দুর্নীতিবাজ হিসেবে চিহ্নিত হয়েছে। আমাদের ছোট বাংলাদেশের রিপোর্ট এখন বলছে যে ২৮ লাখ কোটি টাকা বিদেশে পাচার করা হয়েছে। একটি ছাত্র সংগঠনের জেলা সভাপতি ৩ হাজার কোটি টাকা বিদেশে পাচার করেছে।

সাবেক রাজনৈতিক সেক্রেটারি ও জেলা জামায়াতের কোষাধক্ষ জার্জিস

হোসাইনের সঞ্চালনায় এ সময় জেলা জামায়েতের সেক্রেটারি মোহাম্মদ ইকবাল হুসাইন, নায়েবে আমীর মহবুব উল আলম, সদর উপজেলা আমীর মাওলানা সোহেল রানা, মুজিবনগর উপজেলা আমীর খান জাহান আলী, গাংনী উপজেলা আমীর ডা. রবিউল ইসলাম উপস্থিত ছিলেন।

দ্বিবার্ষিক সম্মেলনে মেহেরপুর মুক্তিযোদ্ধা বিষয়ক জেলা কমিটির সভাপতি হিসেবে মোঃ চাঁদ আলী নির্বাচিত হয়েছেন। সহ-সভাপতি নির্বাচিত হয়েছেন জার্জিস হোসাইন।

গাংনীতে জামায়াতের রুকন বৈঠক

যুদ্ধাপরাধের মামলার রায় প্রসঙ্গে মেহেরপুর জেলা জামায়াতের আমীর মাওলানা তাজ উদ্দীন খান বলেছেন, “যারা মিথ্যা মামলা ও তথ্য উপস্থাপন করে বিচারের নামে প্রহসনের মাধ্যমে জামায়াতে ইসলামীর শীর্ষ নেতৃবৃন্দকে ফাঁসি দিয়েছে সেইসব বিচারকদেরও বিচারের মুখোমুখি করা হবে। এটিএম আজাহারকে মুক্ত করেই প্রমাণ করা হবে জামায়াতে ইসলামীর শীর্ষ নেতৃবৃন্দকে প্রহসনের ট্রাইব্যুনাল গঠন করে মিথ্যা মামলা দিয়ে হত্যা করা হয়েছে। এটা যে তাদের ভূঁয়া মামলা ছিল প্রমাণ করেই জামায়াত ইসলামীর নেতাকর্মীদের মুক্ত করা হবে। গাংনী উপজেলা জামায়াতে ইসলামী আয়োজিত গাংনী উপজেলা শাখার সদস্যদের (রুকন) শিক্ষা বৈঠক ২০২৫ এ প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে তিনি এসব কথা বলেন।
আজ শুক্রবার সকালে ৭ টার সময় গাংনীর দারুল ইয়াতিমখানার হলরুমে এই শিক্ষা বৈঠকের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়।
জামায়াতে ইসলামীর গাংনী উপজেলা শাখার আমীর মো: রবিউল ইসলাম শিক্ষা বৈঠকে সভাপতিত্ব করেন।
প্রধান অতিথির বক্তব্য মাওলানা তাজ উদ্দীন খান আরও বলেন, জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নেতা আর অন্যদলের কেন্দ্রীয় নেতাদের মামলা ও বিচারের রায় এক নয়। অন্যান্য দলের নেতাদের নামে দায়ের করা মামলাগুলো ছিল সিভিল কোর্টের। আর জামায়াতে ইসলামীর নেতাদের মামলাগুলো ট্রাইব্যুনালের। সিভিল কোর্টের মামলা যখন, তখন অ্যাপিল ও শেষ করে দেওয়া যায়। আর ট্রাইব্যুনালে যে পথ দিয়ে মামলা করতে হয় সেই পথ দিয়েই এর বিচার ও রায় পাওয়া যায়। সাম্প্রতিক সময়ে

হিন্দু ধর্মের কিছু নেতাদের জামায়াতে ইসলামীর কর্মসূচিতে যোগদান নিয়ে বির্তকিত ও সমালোচনারও জবাব দেন জামায়াতের এই নেতা।
তিনি বলেন, হিন্দু ধর্মের লোকজনকে যখন ডাকবো, তখন হিন্দু ধর্মের বিভিন্ন স্তুরে যেসব নেতাকর্মী আছেন তাদেরই তো ডাকতে হবে। সেক্ষেত্রে ঢাকেস্বরী মন্দিরের সাধারণ সম্পাদককেই ডাকতে হবে। সেই নেতা যদি র’ এর লোক হয়, তাকে রাস্ট্র দেখবে। গোয়েন্দা বিভাগ, সেনাবাহিনী, বিজিবি বা আইনশৃংখলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা দেখবে। সে আছে কিভাবে এই দেশে প্রশ্ন করেন তিনি? তিনি বলেন, হিন্দু ধর্মের ওই নেতা আমাদের প্রোগ্রামে একদিন মাত্র বক্তব্য দিয়েছে। সে কারণে একদিনেই জামায়াতে ইসলামী ভারতপ্রেমী হয়ে গেলো?
প্রতিবেশী পাল্টানো যায়না উল্লেখ করেতাজ উদ্দীন খান বলেন, ভারতের ব্যাপারে জামায়াতে ইসলামীর সুস্পষ্ট বক্তব্য, তাদের সাথে জামায়াত বন্ধুত্ব চাই, তবে, সেটা হতে হতে হবে সমতা এবং ন্যায্যতার ভিত্তিতে।
আগামী জাতীয় সংসদ নির্বাচন প্রসঙ্গে তিনি বলেন, জামায়াতে ইসলামীর মনোনীত প্রার্থীরা মাঠে ময়দানে কাজ করছেন। নির্বাচনকে সামনে নিয়ে জামায়াতের নেতাকর্মীদের ভোটের মাঠে নিবিড়ভাবে কাজ করতে হবে। ঠিকমত কাজ করতে না পারলে হাত মিলানো পর্যন্তই থাকবে। ফলাফল বাড়ি আসবেনা।
তিনি বলেন, ভোটের হিসাব করলে জামায়াত এখনো অনেক পেছনে আছে। তাই এখনি মানুষজনকে সহযোগী ফরম পূরণ করে নিতে হবে। পরিবেশ, পরিস্থিতি আবহাওয়া এখন জামায়াতের পক্ষে রয়েছে উল্লেখ করে তিনি বলেন, সুযোগকে কাজে লাগাতে নেতাকর্মীদের এখন থেকেই সাধারণ মানুষের দোরগোড়ায় পৌছাতে হবে। হাত গুটিয়ে বসে থাকার সময় আর নেই। শতভাগ কাজে লাগিয়ে নির্বাচনী মাঠকে সামনের দিকে এগিয়ে নিতে হবে।
গাংনী উপজেলা জামায়াতের সেক্রেটারী মাওলানা জাহাঙ্গীর আলমের সঞ্চালনায় অনুষ্ঠিত শিক্ষা বৈঠকে বিশেষ অতিথির বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা জামায়াতের সেক্রেটারী মো: ইকবাল হোসাইন, জেলা জামায়াতের নায়েবে আমীর মাওলানা মাহবুব উল আলম, সূরা সদস্য মাওলানা আব্দুল মজিদ, মেহেরপুর-২ আসনের জামায়াত মনোনীত এমপি প্রার্থী জেলা জামায়াতের সূরা সদস্য নাজমুল হুদা, গাংনী পৌর জামায়াতে ইসলামীর আমীর আহসানুল হক, গাংনী উপজেলা জামায়াতের কর্মপরিষদ সদস্য মাওলানা আব্দুল হালিম প্রমুখ।
শিক্ষা বৈঠকে, ইসলামী আন্দোলনের সাফল্যের শর্তাবলি, রুকুনিয়াতের মান, ইকামতে দ্বীনের গুরুত্ব ও সামনের জাতীয় সংসদ সদস্য নিয়ে

প্রশিক্ষণের পাশাপাশি আলোচনা করা হয়। সকাল ৭ টার সময় শিক্ষা বৈঠক শুরু হয়ে বাদ জুম্মা পর্যন্ত চলবে। প্রশিক্ষণ বৈঠকে গাংনী উপজেলা জামায়াতের রুকন সদস্যরা অংশ নেন।

মেহেরপুরে জেলা যুবদলের প্রস্তুতি সভা

আগামী ১৬ মে “শিক্ষা, স্বাস্থ্য ও মৌলিক অধিকার বিষয়ে তারুণ্যের ভাবনা” শীর্ষক সেমিনার এবং ১৭ মে “তারুণ্যের রাজনৈতিক অধিকার প্রতিষ্ঠার সমাবেশ” সফল করতে প্রস্তুতি সভা করেছে মেহেরপুর জেলা যুবদল।

বুধবার দুপুরে মেহেরপুর কমিউনিটি সেন্টারে এ সভা অনুষ্ঠিত হয়।

জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন কেন্দ্রীয় যুবদলের সিনিয়র যুগ্ম সম্পাদক বিল্লাল হোসেন তারেক।

এ সময় আরও উপস্থিত ছিলেন কেন্দ্রীয় যুবদলের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক ফিরোজ আব্দুল্লাহ, জেলা যুবদলের সহ-সভাপতি বাবু সাবের, মোশারফ হোসেন তপু, এস. এ. খান শিল্টু, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক মেহেদী হাসান রোকন, সাধারণ সম্পাদক সাইদুর সুজন, স্বাস্থ্য বিষয়ক সম্পাদক ইসমাইল হোসেন, সদর উপজেলা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলী, যুগ্ম আহ্বায়ক সাইদুল ইসলামসহ জেলা যুবদলের সকল ইউনিটের নেতাকর্মীরা।

সভাটি সঞ্চালনা করেন জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাওসার আলী।

পিরোজপুর ইউনিয়নের ৮ ও ৯ নং ওয়ার্ড বিএনপি’র কর্মী সম্মেলন

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের ৮ ও ৯ নং ওয়ার্ড বিএনপি’র কর্মী সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার বিকাল পাঁচটার সময় সদর উপজেলার পিরোজপুর ইউনিয়ন বিএনপির আয়োজনে বলিয়ারপুর হাট প্রাঙ্গণে এ সম্মেলন অনুষ্ঠিত হয়।

কর্মী সম্মেলনে মেহেরপুর জেলা বিএনপির সদস্য আলমগীর খান ছাতুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব এডভোকেট কামরুল হাসান

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক অধ্যাপক ফয়েজ মোহাম্মদ

কর্মী সম্মেলনে সাবেক ছাত্রনেতা হাসানুজ্জামান বিট্টুর সঞ্চালনায় এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সদস্য হাফিজুর রহমান হাফি, ওমর ফারুক লিটন ।

এছাড়া আরোও উপস্থিত ছিলেন সদর উপজেলা যুবদলের আহ্বায়ক লিয়াকত আলী, বিএনপি নেতা সৌরভ হোসেন, সাবেক ছাত্রনেতা অ্যাডভোকেট মাহমুদুল হাসান মিলন, আমঝুপি ইউপি সদস্য হাফিজুর রহমান হাফিজ, পিরোজপুর ইউনিয়ন বিএনপি নেতা মিন্টু, আবুল খয়ের, সিরাজ মল্লিক, আবুল হোসেন, রাজু মিয়া, মুন্তাজ আলী, সদর উপজেলা ছাত্রদলের যুগ্ন আহবায়ক নাজির আহমেদ সহ পিরোজপুর ইউনিয়ন বিএনপি’র নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

পিরোজপুর ইউনিয়নের বিএনপি’র কর্মী সম্মেলনে ৮ নং ওয়ার্ডের সভাপতি রাজু মিয়া রাজা, সাধারণ সম্পাদক আবুল হোসেন, ৯নং ওয়ার্ডের সভাপতি সিরাজুল ইসলাম, সাধারণ সম্পাদক ডাবলু নির্বাচিত হন।

শৈলকুপায় সরকারি গাছ কেটে নিলো বিএনপি নেতা!

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার সারুটিয়া ইউনিয়নে প্রকাশ্যে সরকারি জায়গার গাছ কেটে নিয়েছে স্থানীয় এক বিএনপি নেতা।

গতকাল শনিবার সকালে কাতলাগাড়ী-লাঙ্গলবাধ সড়কে কাতলাগাড়ী বালিকা বিদ্যালয়ের জিচে সেচ খালের পাড়ের মেহগনি গাছ কেটে নিয়েছে। অভিযোগ উঠেছে শৈলকুপার সারুটিয়া ইউনিয়ন বিএনপির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম বাবলু ও তার ভাই পল্টু এবং চাচা শৈলকুপা নাগরিক কমিটির সভাপতি আব্দুল মজিদ মাস্টার গাছটি কেটে নিয়েছে।

সকালে ঘটনার সংবাদ সংগ্রহে গেলে শৈলকুপা প্রেসক্লাবের সদস্য রাজিব মাহমুদকে গালিগালাজ ও ভয়ভীতি প্রদর্শন করা হয়। তাকে শারীরিকভাবে লাঞ্ছিত করারও চেষ্টা করে অভিযুক্তরা।

এ বিষয়ে পানি উন্নয়ন বোর্ডের ওই এলাকার দ্বায়িত্বে থাকা কার্যসহকারী রশীদ হোসেন বলেন, “যদি গাছটি তাদের জায়গায় হয়ে থাকে, তাহলে তা কাটতে পারবে। তাছাড়া সরকারি জায়গার গাছ কাটার কোন অধিকার নেই। গাছ কাটলে আমি আমার অফিসকে জানাবো। তারা তাদের মত ব্যবস্থা নিবে।

নাম প্রকাশে অনিচ্ছুক কাতলাগাড়ী বাজারের এক ব্যবসায়ী বলেন, দিনের আলোয় সরকারি জায়গা থেকে গাছ কেটে নেওয়ার মতো ঘটনা ঘটলেও প্রশাসন নিরব দর্শকের ভূমিকা পালন করছে। এই বাবলু এলাকায় এর আগেও এমন কাজ করেছে। সকালে পুলিশ এসেছিলো কিন্তু তারাও গাছ কাটা বন্ধ করতে পারেনি।

এ ব্যাপারে শৈলকুপা থানার ওসি মাসুম খান ও কাতলাগাড়ী পুলিশ ক্যাম্পের এ এস আই রবিউল ইসলামকে একাধিকার ফোন দেওয়া হলেও তারা ফোন রিসিভ করেন নি।

অভিযোগের বিষয়ে বিএনপি নেতা বাবুল বলেন, গাছটি আমাদের লাগানো। আর পানি উন্নয়ন বোর্ড আমাদের গাছ কাটার অনুমতি দিয়েছে বলেই কেটেছি।

এ বিষয়ে ঝিনাইদহ পানি উন্নয়ন বোর্ডের উপ-সহকারী প্রকৌশলী কাজী

মহসীন উদ্দিন বলেন, আমাদের জায়গার গাছ আমরা কি করে কাটার অনুমতি দিব। উনারা আমাদের কাছ থেকে কোন অনুমতি নেয়নি। পানি উন্নয়ন বোর্ডের গাছ কেটে নিলে আমরা তাদের বিরুদ্ধে মামলা দায়ের করব।

শৈলকুপায় কৃষকদল নেতাসহ চারজনের বিরুদ্ধে মামলা

ঝিনাইদহের শৈলকুপায় কৃষকদল নেতা ও তার ছেলের বিরুদ্ধে বিয়ের প্রলোভনে এক নারীকে ধর্ষণ ও গর্ভপাতের অভিযোগ উঠেছে। এ ঘটনায় ভুক্তভোগী নারী আদালতে কৃষকদলের নেতাসহ চার জনকে বিবাদী করে মামলা দায়ের করেছেন। শুধু ধর্ষণ আর গর্ভপাতই নয়, প্রেম ও বিয়ের অভিনয় করে ওই নারী কাছ থেকে হাতিয়ে নিয়েছে ৭ লাখ টাকা।

এদিকে শৈলকুপা থানায় নির্যাতিত ওই নারী পৃথক একটি অভিযোগও করেন। সেই অভিযোগ তদন্ত করে পুলিশ সত্যতা পান। এ খবর নিশ্চত করেন মামলার তদন্তকারী কর্মকর্তা এসআই সম্রাট মন্ডল।

ভুক্তভোগী নারীর মামলার এজাহার সূত্রে জানা গেছে, গত দুই বছর ধরে ওই নারীর সঙ্গে প্রেমের সম্পর্ক গড়ে তোলেন নাজমুল খন্দকার নামের এক যুবক। নাজমুল খন্দকার শৈলকূপা উপজেলা কৃষকদলের সদস্য সচিব কামরুল ইসলামের ছেলে। ওই নারীকে বিয়ের প্রলোভন দেখিয়ে নাজমুল খন্দকার নিয়মিত শারীরিক সম্পর্কে লিপ্ত হন। তাদের সম্পর্কের বিষয়টি নাজমুলের গোটা পরিবার জানার পরে তারা মেনে নেয়। এরপর ওই নারী নাজমুলের বাড়িতে নিয়মিত যাতায়াত শুরু করেন। এক পর্যায়ে ভুক্তভোগী নারী গর্ভবর্তী হয়ে পড়লে নাজমুল ও তার পরিবার ক্ষিপ্ত হয়ে ওঠে। তারা কৌশলে ওই নারীকে ঝিনাইদহ শহরের হামদহ এলাকার রয়েল ক্লিনিকে ভর্তি করে গর্ভপাত ঘটায়।

ভুক্তভোগীর নারীর অভিযোগ, চিকিৎসা শেষ হওয়ার আগেই নাজমুল খন্দকার ও তার বাবা-মা তাকে হাসপাতালে ফেলে রেখে পালিয়ে যায়। পরে নাজমুল খন্দকার ও তার বাবা-মায়ের সঙ্গে একাধিকবার যোগাযোগ করেও ওই নারী কোনো সমাধান পাননি। পরে তিনি শৈলকুপা থানায় মামলা দায়ের করতে গেলে থানা মামলা গ্রহণ করেনি। নাজমুল খন্দকারের বাবা

কামরুল ইসলাম রাজনৈতিক প্রভাব খাটিয়ে ওই নারীকে নানা ভাবে হুমকি ধামকি দিয়ে যাচ্ছে বলে অভিযোগ পাওয়া যায়।

ভুক্তভোগী নারী বলেন, দুই বছর ধরে নাজমুলের সঙ্গে তার সম্পর্ক। তার বাড়িতে নিয়মিত যাতায়াত থাকায় পরিবারের সবাই তাকে বিয়ের আশ্বাস দিয়েছিল। কিন্তু অবাধ মেলামেশার কারণে গর্ভবতী হয়ে পড়লে ছেলের পরিবার তাকে মারধর করতে থাকেন। এক পর্যায়ে তার গর্ভের সন্তান নষ্ট করে দেয়।

এ বিষয়ে কৃষকদল নেতার ছেলে নাজমুল খন্দকার বলেন, ওই নারীর অভিযোগ সত্য নয়। সে একজন প্রতারক। তার নামে থানায় কোনো মামলা হয়েছে কিনা তিনি এখনো জানেন না।

নাজমুলের পিতা শৈলকুপা কৃষক দলের সদস্য সচিব কামরুল ইসলাম বলেন, অভিযোগকারী মহিলা সম্পর্কে আমি খুব বেশি কিছু জানি না। তবে সে আমার বাড়িতে আসা যাওয়া করত এটা জানি। গর্ভপাত ও হাসপাতালে ভর্তির বিষয়ে আমি কিছু জানি না। তিনি নিউজটি এড়িয়ে যাওয়ার পরামর্শ দেন।

শৈলকূপা থানার এসআই সম্রাট মন্ডল জানান, ওই নারির অভিযোগ পেয়ে তিনি ঘটনাস্থল পরিদর্শন করেন। প্রাথমিক ভাবে অভিযোগের সত্যতা মিলেছে। তিনি জানান, এ নিয়ে যদি আদালতের কোন নির্দেশনা আসে তবে সে মোতাবেক ব্যবস্থা গ্রহন করা হবে।

শৈলকূপা থানার ওসি মাসুম খান গত শুক্রবার রাতে জানান, এ বিষয়ে শৈলকুপা থানায় আদালতের নির্দেশে মামলা নথিভুক্ত হয়েছে, মামলা নং ০৪/২৫। তিনি জানান, ভুক্তভোগী নারি সম্ভবত খুবই ক্ষতিগ্রস্থ হয়েছেন। তাকে প্রলোভনে ফেলে নির্যাতন করা হয়েছে। তিনি বলেন, এ বিষয়ে বিজ্ঞ আদালতের আদেশ হাতে পেয়েছি। আদালত মামলা গ্রহনের নির্দেশ দিয়েছেন। ফলে থানায় মামলা রেকর্ড করা হয়েছে।

মেহেরপুরে তারেক রহমানের ৩১

দফা সংস্কার বিষয়ক মতবিনিময় সভা

বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) এর ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা সংস্কার কর্মসূচি নিয়ে মেহেরপুর জেলা সামাজিক সাংস্কৃতিক সংস্থা জাসাসের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার রাত আটটার সময় মেহেরপুর শহরের কোর্ট মোড় এলাকায় এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয় মতবিনিময় সভায় মেহেরপুর জেলা জাতীয়তাবাদী সামাজিক সাংস্কৃতিক সংস্থা (জাসাস)-এর আহ্বায়ক মাহফুজুর রহমান অশেষের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন’ জাসাস কেন্দ্রীয় কমিটির সদস্য সচিব জাকির হোসেন রোকন।

মেহেরপুর জেলা জাসাসের সদস্য সচিব এ বাকাবিল্লাহ সঞ্চালনায় অনুষ্ঠানে এ সময় আরো উপস্থিত ছিলেন, সদর উপজেলা সভাপতি রবিউল ইসলাম ফারুক, মুজিবনগর উপজেলা সভাপতি জুলফিকার খান হেলাল, গাংনী পৌর সভাপতি সৌরভ হোসেন, মেহেরপুর পৌর জাসাসের সভাপতি তৌফিকুর রহমান রানা, সাধারণ সম্পাদক মুকিদ হোসেন, সাংগঠনিক সম্পাদক মোকছেদ আলীসহ জাসাসের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

সভায় বক্তারা তারেক রহমানের সংস্কারমূলক উদ্যোগের গুরুত্ব তুলে ধরে জনসম্পৃক্ততা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করেন।

বাংলাদেশ জেলা ও বিভাগীয় ক্রীড়া সংগঠক অ্যাসোসিয়েশনের যুগ্ম আহ্বায়ক হলেন মারুফ আহমেদ বিজন

বিএনপি-সমর্থিত ক্রীড়া সংগঠকদের সমন্বয়ে গঠিত নতুন ক্রীড়া সংগঠন ‘বাংলাদেশ জেলা ও বিভাগীয় ক্রীড়া সংগঠক অ্যাসোসিয়েশন’-এর

অ্যাডহক কমিটির যুগ্ম আহ্বায়ক নির্বাচিত হয়েছেন মেহেরপুর জেলা ক্রীড়া সংস্থার সাবেক সাধারণ সম্পাদক ও সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন।

শনিবার (৩ মে) ৪৪ সদস্যবিশিষ্ট অ্যাডহক কমিটি গঠন করা হয়। এ উপলক্ষে জাতীয় ক্রীড়া পরিষদের অডিটোরিয়ামে অ্যাসোসিয়েশনের আত্মপ্রকাশ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য ও সাবেক তারকা ফুটবলার মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ বীর বিক্রম। সভাপতিত্ব করেন বাংলাদেশ জাতীয় ফুটবল দলের সাবেক অধিনায়ক মো. আমিনুল হক।

ক্রীড়া সংগঠক অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে গণমাধ্যমে পাঠানো এক বার্তায় জানানো হয়, দেশের ক্রীড়াঙ্গনকে বাঁচাতে তারেক রহমানের নির্দেশে বিভিন্ন টুর্নামেন্টের আয়োজন করছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল।

এই উদ্দেশ্যেই জেলা ও বিভাগীয় ক্রীড়া সংগঠক অ্যাসোসিয়েশনের আত্মপ্রকাশ ঘটেছে। বিএনপি ক্ষমতায় এলে দেশের প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠানে প্রশিক্ষিত কোচ নিয়োগ এবং সরকারি ব্যবস্থাপনায় ক্রীড়া কর্মসংস্থান গড়ে তোলা হবে।

বার্তায় আরও বলা হয়, আগামী এক মাসের মধ্যে অ্যাসোসিয়েশনের বিভাগীয় কমিটি গঠন করা হবে এবং পর্যায়ক্রমে জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে কমিটি গঠন করে ক্রীড়া উন্নয়নে কাজ করবে সংগঠনটি। সকলে মিলে তারেক রহমানের স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যেই এগিয়ে যাবে অ্যাসোসিয়েশন।

মেহেরপুরে মহান মে দিবসে বিএনপি’র মিছিল

মহান মে দিবস উপলক্ষে “শ্রমজীবী মানুষের ঐক্যে, আমরা এগিয়ে যাব

লক্ষ্যে” এই প্রতিপাদ্যকে সামনে রেখে বর্ণাঢ্য মিছিল করেছে মেহেরপুর জেলা বিএনপি। বৃহস্পতিবার (১ মে) বিকেলে মেহেরপুর জেলা বিএনপি’র আয়োজনে এই মিছিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের নেতৃত্বে সড়ক বিভাগ অফিসের সামনে থেকে মিছিলটি শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কাথুলি বাসস্ট্যান্ডে গিয়ে শেষ হয়।
মিছিল জুড়ে দলের নেতাকর্মীরা মে দিবসের তাৎপর্য এবং অধিকার প্রতিষ্ঠার দাবিতে স্লোগান দেন।

মাসুদ অরুন বলেন, শ্রমজীবী মানুষ, খেটে খাওয়া মানুষ নারী পুরুষ ঐক্যবদ্ধ ভাবে এই রাষ্ট্রকে সোনার রাষ্ট্রে পরিণত করতে হবে। দেশনেত্রী বেগম খালেদা জিয়ার নেতৃত্বে, ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে ৩১দফা বাস্তবায়নের মধ্য দিয়ে শ্রমজীবী মানুষের কল্যাণকর আধুনিক রাষ্ট্র আমরা তৈরি করতে চাই।

মিছিলে আরও উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা বিএনপি’র যুগ্ম সম্পাদক জাহাঙ্গীর বিশ্বাস, জেলা শ্রমিক দলের সভাপতি আহসান হাবিব সোনা, জেলা কৃষক দলের আহ্বায়ক মাহবুবুর রহমান, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজি সহ বিএনপি’র বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতৃবৃন্দ।